# Govt. of West Bengal
## Office of the District Library Officer
## & Ex-officio Member Secretary, Local Library Authority, Dakshin Dinajpur

District Library Premises, PO-Balurghat, Dist- Dakshin Dinajpur,West Bangal, Pin-733101

Emailid-dlodderchithi@gmail.com


Memo No. 30(10) /DLO/DD

Date: 06. 02.2024

প্রেরক : জেলা গ্রন্থাগার আধিকারিক ও সদস্য সচিব, স্থানীয় গ্রন্থাগার কৃত্যক, দক্ষিণ দিনাজপুর

প্রতি : মাননীয়া অধ্যক্ষা মহোদয়া / মাননীয় অধ্যক্ষ মহোদয়,
যামিনী মজুমদার মেমোরিয়াল মহাবিদ্যালয় কলেজ, পতিরাম
দক্ষিণ দিনাজপুর

বিষয় : "লিখব আমিও"-নামাঙ্কিত একদিনের কর্মশালায় ছাত্রী-ছাত্রদের অংশগ্রহণ।

মহোদয়া/ মহোদয়,

আপনি জেনে অত্যন্ত আনন্দিত হবেন যে, আমাদের এই প্রিয় জেলার নবীন প্রজন্মের মধ্যে গল্প, উপন্যাস, প্রবন্ধ ও অন্যান্য নানাবিধ বিষয়ে সাহিত্য চর্চার জন্য উৎসাহ প্রদানার্থে এবং লেখার প্রাথমিক কৌশল সম্পর্কে তাদের পরিচিত করানোর মহতী এক প্রয়াস গ্রহণ করে দক্ষিণ দিনাজপুর জেলার **স্থানীয় গ্রন্থাগার কৃত্যক** দ্বারা "আমিও লিখব"- শীর্ষক একদিনের একটি কর্মশালার আয়োজন করা হয়েছে। এই কর্মশালায় প্রধান আলোচক বিশিষ্ট দ্বিভাষিক সাহিত্যিক তথা উত্তরবঙ্গের প্রথম ধারাবাহিক ইংরেজি ভাষার উপন্যাসিক শ্রী সানি মিশ্র মহাশয় {জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক শিক্ষা, দক্ষিণ দিনাজপুর)} সহ সংশ্লিষ্ট বিষয়ের একাধিক বিশিষ্ট ব্যক্তি আলোচনায় অংশগ্রহণ করবেন।

আমরা আশা রাখি, আমাদের জেলায় প্রথম এই ব্যতিক্রমী ও সম্পূর্ণ ভিন্নধর্মী কর্মশালাটি ছাত্রী-ছাত্রদের মধ্যে সৃজনশীল মানসিকতার বিকাশ ঘটিয়ে তাদের মধ্যে ভবিষ্যতে লেখক হবার অনুপ্রেরণা সৃষ্টি করতে দারুণ রকম সহায়ক ভূমিকা পালন করবে যা আগামী দিনে আমাদের দেশ ও জাতির এক অমূল্য সম্পদ বলেই পরিগণিত হবে।

অতএব, আপনার মহাবিদ্যালয় থেকে উপরিউক্ত বিষয়ে অত্যুৎসাহী কিছু ছাত্রী-ছাত্রকে এই কর্মশালায় অংশগ্রহণ করানোর জন্য আপনাকে সনির্বন্ধ অনুরোধ জ্ঞাপন করা হচ্ছে।

আপনি নিশ্চয়ই আমাদের আন্তরিক আহ্বানে সাড়া দিয়ে এই মহতী প্রয়াসের একজন অনন্য অংশীদার হবেন, ঐকান্তিক চিত্তে এই কামনা করি।

**কর্মশালার স্থান : বালুছায়া সভাকক্ষ বালুরঘাট (জেলাশাসকের করণ-সংলগ্ন)**
**তারিখ : ১১-ই ফেব্রুয়ারি, ২০২৪ রবিবার।**
**সময় : বেলা ১টা থেকে বৈকাল ৫টা**

বিশদ জানতে **+919002678088** এই নাম্বারে যোগাযোগ করতে পারেন।

ধন্যবাদান্তে,

নিবেদক,
[signature] 06/02/24
জেলা গ্রন্থাগার আধিকারিক ও
সদস্য সচিব, স্থানীয় গ্রন্থাগার কৃত্যক,
দক্ষিণ দিনাজপুর

Memo No. 30(10) /1(5)/DLO/DD

Date: 06. 02.2024

অনুলিপি প্রেরিত হল :

১। জেলা শাসক এবং চেয়ারম্যান, এলএলএ দক্ষিণ দিনাজপুর ।
২। অতিরিক্ত জেলা শাসক (উন্নয়ন), ওয়ার্কিং চেয়ারম্যান, এলএলএ, দক্ষিণ দিনাজপুর
৩। মহাকুমা শাসক, বালুরঘাট (সদর),দক্ষিণ দিনাজপুর ।
৪। শ্রী সানি মিশ্র, বিশিষ্ট সাহিত্যিক তথা জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক),দক্ষিণ দিনাজপুর, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার অনুরোধ সহ।
৫। অফিস অনুলিপি।

[signature] 06/02/24
জেলা গ্রন্থাগার আধিকারিক ও
সদস্য সচিব, স্থানীয় গ্রন্থাগার কৃত্যক,
দক্ষিণ দিনাজপুর